# Times Today BD

রেজাউল করিম লিটন | দেশজুড়ে | 26 June, 2025

বাংলাদেশ জামায়াতে ইসলামী যুব বিভাগের উদ্যোগে জাতীয় মাদক বিরোধী দিবস পালন করা হয়েছে। দিবসটি উপলক্ষে চুয়াডাঙ্গা জেলার চারটি উপজেলা ও দর্শনা থানায় মাদক বিরোধী শোভাযাত্রা ও সমাবেশ করে দলটির নেতা-কর্মীরা।

বৃহস্পতিবার বিকাল ৫ টায় জীবননগর উপেজলার পাইলট হাইস্কুল মাঠ থেকে জামায়াতের জেলা আমীর রুহুল আমীনের নেতৃত্বে মাদকবিরোধী বিশাল শোভাযাত্রা জীবননগর শহর প্রদক্ষিণ করে বাসস্টান্ডের মুক্তমঞ্চে এসে শেষ হয়।

এরপর জীবননগর উপজেলা যুব বিভাগের সভাপতি মাজেদুর রহমান লিটনের সভাপতিত্বে মাদকবিরোধী সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখেন জামায়াতের জেলা আমীর রুহুল আমীন। তিনি বলেন, জামায়াতে ইসলামী সরকার গঠন করলে সমাজ থেকে মাদকের মুলৎপাটন করা হবে।মাদক ব্যবসায়ীদের কে আইনের আওতায় এনে শাস্তির মুখোমুখি করা হবে।তিনি আরো বলেন, ৭১ সালের পর হতে আজ অবধি রাজনৈতিক ছত্রছায়ায় এক শ্রেণীর দেশ বিরোধী চক্র মাদকের ব্যবসা চালিয়ে এসেছে।আর মাদকের ব্যবসা করতে দেয়া হবেনা।সব জায়গায় মাদক ব্যবসায়ীদের প্রতিরোধ করতে এলাকাবাসীদের প্রতি আহবান জানান ।

তিনি আরো বলেন, চুয়াডাঙ্গা সীমান্ত এলাকা হওয়ার কারণে এখানে মাদক সহজলভ্য।হাত বাড়ালেই মাদক পাওয়া যায়। তিনি প্রশাসনের প্রতি মাদক ব্যাসায়ীদের গ্রেফতার করে আইনের আওতায় আনার অনুরোধ জানান।

মাদকবিরোধী শোভাযাত্রা ও সমাবেশে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা বায়তুলমাল সম্পাদক কামাল হোসেন, জেলা মাজলসিুল মুফাসসরিনি পরষিদরে সভাপতি মাওলানা হাফিজুর রহমান, জেলা শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি মাহফুজুর রহমান, জীবননগর উপজলো আমীর মাওলানা সাজেদুর রহমান, নায়েবে আমীর হাফেজ বিল্লাল হোসেন, জীবননগর উপজলোর সেক্রেটারি সাখাওয়াত হোসনে, সহকারী সেক্রেটারি মাওলানা আবু বকর, মাওলানা সাইদুল হক, আইটি সম্পাদক হারুন অর রশীদ, উপজেলা শ্রমিক কল্যাণ সভাপতি কামাল উদ্দীন, পৌর আমীর মাওলানা ফিরোজ হোসেন, সীমান্ত ইউনিয়ন আমীর আব্দুল ওয়াহেদ, হাসাদাহ ইউনিয়ন আমীর আখতারুজ্জামান, বাকা ইউণিয়ন আমীর মাওলানা মফিজুর রহমান, কেডিকে ইউনিযন আমীর আব্দুর রহমান, উথলী ইউনিয়ন আমীর মওলানা আরিফুল ইসলাম, মনোহরপুর ইউনিযন আমীর রবিউল ইসলাম, পৌর সেক্রেটারি ইব্রাহিম খলিল, উপজলো যুব বিভাগের সেক্রেটারি জাহিদুল ইসলাম, জামায়াত নেতা মাওলানা হাফিজুর রহমান নবাব, লাল্টু মিয়া, শফিকুল ইসলাম, পৌর যুব সভাপতি আরিফুল ইসলাম জোয়ারদ্দার, যুবনেতা মোমিনল ইসলাম, আব্দুল মোতালেব, সোহাগ হোসেন, হাসান শাহরিয়ার মোস্তাফিজুর রহমান মিলন, আহাদ আলী, হাবিবুর রহমান তারিপ, জাহিদ হোসেন, এলাহী মন্ডল, আহাদ আলীও আব্দুর রহমান মাস্টার প্রমুখ।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 22:03

URL: https://www.timestodaybd.com/across-the-country/3774775807